

## 'ছাত্রলীগ কি ছাত্রশিবির হয়ে গেছে?'

নিজস্ব প্রতিবেদক, সাতক্ষীরা

১২ অক্টোবর ২০১৯, ১৭:৫৫


আপডেট: ১২ অক্টোবর ২০১৯, ১৭:৫৭



সাতক্ষীরা জেলা ওয়ার্কার্স পার্টির অষ্টম সঘোলনের উদ্বোধনী পর্বে প্রধান  
অতিথির বক্তব্য দেন ওয়ার্কার্স পার্টির সাধারণ সম্পাদক ফজলে হোসেন  
বাদশা। ছবি: প্রথম আলো

'ছাত্রলীগ কি ছাত্রশিবির হয়ে গেছে?' এ প্রশ্ন বাংলাদেশের ওয়ার্কার্স পার্টির সাধারণ সম্পাদক ফজলে হোসেন বাদশার। তিনি বলেছেন, সম্প্রতি দেশে  
বেশ কিছু ইস্যু নিয়ে তোলপাড় হচ্ছে। বুয়েটের ছাত্র আবারাকে ছাত্রলীগ নামধারীরা শিবির অজুহাতে পিটিয়ে হত্যা করেছে। ছাত্রশিবির একটি জঙ্গিবাদী সংগঠন। কিন্তু জঙ্গিবাদী সংগঠনকে জঙ্গিবাদী কায়দায় দমন  
করতে চাইলে কোনো পার্থক্য থাকে না। তাদের এই কর্মকাণ্ড ওয়ার্কার্স পার্টি সমর্থন করে না।

সাতক্ষীরা জেলা ওয়ার্কার্স পার্টির অষ্টম সম্মেলনের উদ্ঘোধনী পর্বে প্রধান অতিথির বক্তব্যে ফজলে হোসেন বাদশা এসব কথা বলেন বাদশা। শহরের মিনি মার্কেটের দক্ষিণ পাশের মাঠে আজ শনিবার বেলা ১১টায় এ সম্মেলন অনুষ্ঠিত হয়।



সাংসদ ফজলে হোসেন বাদশা বলেন, বিশ্ববিদ্যালয়ে ছাত্রাজনীতি নিষিদ্ধ নয়, ছাত্রাজনীতি উন্নত করতে হবে। বিশ্ববিদ্যালয়গুলোয় এখন দুর্ব্বায়নের সাংগঠনিক শক্তি জন্ম নিচ্ছে। বুয়েট কর্তৃপক্ষ ছাত্রলীগের অপরাধ ঢাকার জন্য ছাত্রাজনীতি নিষিদ্ধ করে বঙ্গবন্ধুর অধ্যাদেশকে অধীকার করেছে।

ফজলে হোসেন বাদশা বলেন, দেশের সব বিশ্ববিদ্যালয়ে একধরনের অরাজক পরিস্থিতি বিরাজ করছে। অথচ ইতিহাস বলে, এ দেশের ছাত্রসমাজ পাকিস্তানি দৃঃশ্যসনবিরোধী আন্দোলন, ভাষা আন্দোলন, উন্সত্ত্বে গণ-আন্দোলন, একাত্তরের মুক্তিযুদ্ধ, নৰ্বাইয়ের সৈরাচারবিরোধী আন্দোলনসহ সব গণতান্ত্রিক ও অধিকার আদায়ের আন্দোলনে নেতৃত্ব দিয়েছে। তিনি ছাত্রদের পরামর্শ দিয়ে বলেন, ‘আপনারা বৈশিষ্ট্য হারিয়ে ফেললে চলবে না।’

ফজলে হোসেন বাদশা বলেন, ১০ বছর আগে লুটেরারা বাংলাদেশের সম্পদ লুঝন করে বিদেশে পাচার করেছিল। এখনো লুটেরারা একই কাজ করছে। জাতীয় স্বার্থ রক্ষায় দলের সব নেতা-কর্মীকে কাজ করার আহ্বান জানিয়ে তিনি বলেন, ওয়ার্কার্স পার্টির মূল ভূমিকায় অবতীর্ণ হতে হবে।

সাতক্ষীরা-১ আসনের (তালা-কলারোয়া) সাংসদ, ওয়ার্কার্স পার্টির পলিট বুরোর সদস্য জেলা সভাপতি আইনজীবী মুস্তফা লুৎফুল্লাহর সভাপতিত্বে অনুষ্ঠিত সম্মেলনে আরও বক্তব্য দেন দলীয় নেতা মহিবুল্লাহ মোড়ল, অধ্যাপক সাবিত হোসেন, আইনজীবী ফাহিমুল হক, মইনুল ইসলাম প্রমুখ। ওয়ার্কার্স পার্টির সম্মেলন উদ্ঘোধনী সমাবেশের সফলতা কামনা করে শুভেচ্ছা বক্তব্য দেন সাতক্ষীরা-২ আসনের সাংসদ সদস্য ও জেলা আওয়ামী লীগের সহসভাপতি মুক্তিযোদ্ধা মীর মোস্তাক আহমেদ। আজ সকালে ফজলে হোসেন বাদশার নেতৃত্বে শহরে মিছিল বের হয়। তাঁরা শহীদ রিম্ম স্মৃতিস্তম্ভে পুস্তার্য অর্পণ করেন। প্রসঙ্গত, সম্মেলনের দ্বিতীয় পর্বে জেলা ওয়ার্কার্স পার্টির কমিটি গঠন করা হবে বলে জানা গেছে।